দৈনিক সংবাদ

তারিখ 0 3 DEC 1987
পৃষ্ঠা 7 কলাম 3

17

**রিটেনশন আদেশ মেলেনি**

# ৬ মাস যাবৎ ৬৬টি সরকারী কলেজের শিক্ষক-কর্মচারীরা বেতন পাচ্ছেন না

।। কার্তিক চাটার্জী ।।

দেশের ৬৬টি সরকারী কলেজের প্রায় আড়াইহাজার শিক্ষক-কর্মচারী গত ছয় মাস যাবৎ বেতন পাচ্ছেন না। রিটেনশন আদেশ জারি না হওয়ায় এ অবস্থার সৃষ্টি হয়েছে।

১৯৮৪ থেকে যে কলেজগুলো সরকারীকরণ করা হয় সে সব কলেজে অস্থায়ী ভিত্তিতে পদ সৃষ্টি এবং পদসমূহ এ পর্যন্ত স্থায়ী না হওয়ার কারণে প্রতি অর্ধবছরে বেতনের জন্যে রিটেনশন আদেশ প্রয়োজন হয়। প্রতিবছর জুন মাসের দিকে এই আদেশ জারি হয়। ইতিমধ্যে ৬ মাস পার হয়ে গেছে। এখনো এই আদেশ জারি না হওয়ায় গত জুন মাস থেকে শিক্ষক-কর্মচারীরা বেতন পাচ্ছেন না। তদুপরি এই আদেশ কখন জারি হবে এবং কখন তারা বেতন পাবেন সে ব্যাপারেও কোন নিশ্চয়তা নেই। সাম্প্রতিক বন্যায় অনেক শিক্ষক-কর্মচারীই ক্ষতিগ্রস্ত হয়েছেন। এ অবস্থায় প্রাপ্য বেতন না পাওয়ায় তাদের আর্থিক দুর্দশা ক্রমশঃ বাড়ছে।